

# ঝুঁটুন্টু

## শাবিতে শিক্ষক শিক্ষার্থীদের প্রতিবাদ কর্মসূচি অব্যাহত

সিলেট জেলা বিএনপিসহ বিভিন্ন সংগঠনের নিম্না প্রতিবাদ

প্রকাশ : ০৬ মার্চ ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংক্ষরণ

 সিলেট বুরো ও শাবি প্রতিনিধি

শিক্ষাবিদ অধ্যাপক ড. জাফর ইকবালকে হত্যাচাটার প্রতিবাদে সোমবার দিতোয় দিনের মতো ক্যাম্পাসে বিক্ষেপ, মানববন্ধন ও কর্মবিবৃতি পালন করে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা। সকাল ১০টায় ড. এম ওয়াজেদ মিয়া আইআইসিটি ভবন থেকে মৌল মিছিল শেষে ও মানববন্ধন করেন সাধারণ শিক্ষার্থী। পরে তারা কেন্দ্রীয় প্রাঙ্গণের সামনের রাস্তায় অবস্থান কর্মসূচি পালন করেন।

বেলা ১১টা থেকে দুপুর ২টা পর্যন্ত কর্মবিবৃতি পালন করে বিভিন্ন বিভাগের শিক্ষকরা। কর্মবিবৃতির পাশাপাশি প্রশাসনিক ভবন-২ এর সামনে অবস্থান কর্মসূচি পালন করেন তারা। শাবি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক জহীর উদ্দিন আহমদের সঞ্চালনা ও সভাপতি সৈয়দ হাসানুজ্জামানের সভাপতিত্বে অবস্থান কর্মসূচিতে তিসি অধ্যাপক ফরিদ উদ্দীন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ইলিয়াস উদ্দীন বিশ্বাস, অধ্যাপক আখতারুল ইসলাম, অধ্যাপক রাশেদ তাবুকদার, অধ্যাপক কবির হোসেন, অধ্যাপক সৈয়দ সামসুল ইসলাম, অধ্যাপক কামাল আহমেদ চৌধুরী, ড. আনোয়ারুল ইসলাম, ড. রেজা সেলিম, ড. আশুরাফ উদ্দীন, ড. আবদুল আউয়াল বিশ্বাস, ড. আতিউল্লাহ, সমিতির সাবেক সাধারণ সম্পাদক অধ্যাপক ফারহক উদ্দীন প্রমুখ বক্তব্য দেন। শিক্ষক সমিতি আজ ক্যাম্পাসে মৌল মিছিল বের করেন।

**নাটক-কার্টুনে প্রতিবাদ :** মানববন্ধন বিশ্বেষণ ও সমাবেশের পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সংগঠন কার্টুন ও পথনাটকের মাধ্যমে হত্যাচাটার প্রতিবাদ জানাচ্ছেন। রোববার ও সোমবার বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকে ব্যক্তিগত কার্টুন খুলিয়ে রাখে সাংস্কৃতিক সংগঠন 'কার্টুন ফ্যান্টারি'। কার্টুন ফ্যান্টারির আঁকা বিভিন্ন কার্টুনে ড. জাফর ইকবালের রক্তমাখা মাথা ও বিভিন্ন কথাবার্তা ফুটে উঠেছে। এছাড়া অর্জুনতলায়ও কার্টুন খুলিয়ে রেখেছে সংগঠনটি।

অধ্যাপকের নাটক-সংগঠন দিক থিয়েটার 'আততায়ির পোঁজে, ফাস্টেন পথে'- শিরোনামে ৪ দিনব্যাপি পথনাটকের আয়োজন করেছে। সোমবার বিশ্ববিদ্যালয়ের অর্জুনতলায় এমসি কলেজের 'থিয়েটার মুরারিবাঁ'-এর পরিবেশনার 'ব্রাড টেস্ট' নামক পথনাটক মঞ্চায়িত হয়। ২ সপ্তাহের মধ্যেই শাবি সীমানা প্রাচীরের কাজ শুরু : তিসি অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদের সোমবার সাংবাদিকদের জানান, ২ সপ্তাহের মধ্যেই বিশ্ববিদ্যালয়ের সীমানা প্রাচীরের নির্মাণ কাজ শুরু হবে, যদিও এটা খুবই কঠিন একটি কাজ। হামলার বিষয়ে তিনি বলেন, আমরা জাফর ইকবালের হামলার বিষয়টি গুরুত্ব দিয়ে দেখছি। তদন্ত কমিষ্টি কাজ করছে। তবে তদন্ত কমিষ্টির সভাপতি অধ্যাপক আবদুল গণি মনে করেন সীমানা প্রাচীর কোনো সমাধান নয়। তিনি সাংবাদিকদের বলেন, ২৭ বছর ধরে বিশ্ববিদ্যালয় সীমানা প্রাচীর ছাড়াই চলছে। সীমানা প্রাচীর হলেই যে সমস্যার সমাধান হয়ে যাবে তা কোনোভাবেই বলা যায় না। কেন বারবার এ ধরনের ঘটনা ঘটছে, সেদিকে মনোযোগ দেয়া উচিত। প্রষ্টের সহযোগী অধ্যাপক জহীর উদ্দিন আহমেদও মনে করেন, সীমানা প্রাচীর খুব ভালো একটা সমাধান নয়। তবে সীমানা প্রাচীর হলে বিশ্ববিদ্যালয়ে কোনো একটা ঘটনা ঘটিয়ে দ্রুত পালিয়ে যাওয়ার সন্তান থাকবে না। এক্ষেত্রে সীমানা প্রাচীরের উচ্চতা যথেষ্ট হতে হবে। এমিকে ন্যক্তারজনক সন্ত্রাসী হামলার প্রতিবাদে সিলেট মহানগরে বিভিন্ন সংগঠনের নিম্না ও প্রতিবাদ অব্যাহত রয়েছে।

**বিএনপি :** হামলার তীব্র নিম্না ও প্রতিবাদ জানিয়েছে বিশ্বতি দিয়েছেন সিলেট জেলা ও মহানগর বিএনপি নেতারা। তারা ঘটনার সঙ্গে জড়িতদের কঠোর শাস্তি দাবি করেছেন। বিশ্বতি দাতারা হলেন-সিলেট জেলা বিএনপির সভাপতি আবুল কাহারে চৌধুরী শামীম, মহানগর সভাপতি নাসিম হোসাইল ও সাধারণ সম্পাদক বদরুজ্জামান সেলিম, জেলা সাধারণ সম্পাদক আলী আহমদ।

সমিলিত সাংস্কৃতিক জ্বেট : সোমবার নগরীর কেন্দ্রীয় শহীদ প্রাচণে প্রতিবাদ সমাবেশ করে সমিলিত সাংস্কৃতিক জ্বেট সিলেট। জ্বেটের সভাপতি আমিনুল ইসলাম লিটচেনের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক পৌত্র চফ্ফের্স্টোর পরিচালনায় সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে জ্বেটের সাবেক সভামেন্টো নাজীমীন হোসেম, সাবেক সাধারণ সম্পাদক এনামুল মুনীর ও শামসুল আলম সেলিম, আবৃত্তিকার মোকাদেস বাবুল, সংস্কৃতিকর্মী ডাঃ নাজরা চৌধুরী, মুক্তিদির আহমদ মুক্তা, অবিদ ফয়সাল ও বিথী সাইমুর প্রমুখ বক্তব্য দেন।

**শ্রবতারা :** সোমবার নগরীর কেন্দ্রীয় শহীদ মিনার প্রাচণে সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন শ্রবতারা মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ করে। সংগঠনের সভাপতি মোহাম্মদ জহিরুল ইসলামের সভাপতিতে ও সাধারণ সম্পাদক আবদুল আব্দুল হুসেন সভাপতি নাসিম হোসাইল সমিলিত পরিচালনায় সমাবেশে সিলেট মহানগর ছাত্রীগুলি সাধারণ সম্পাদক আবদুল আলীম তুষার, ধ্রুবতারার কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক মোঃ সাদিকুর রহমান, আবদুল হাসান আহমদ বুলবুল, এহসানুল করিম মিশ্র, বিপ্র দাস বিত বিক্রম প্রমুখ বক্তব্য দেন।

**ভারপ্রাপ্ত সম্পাদক :** সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিস্টিং এন্ড প্রাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএরিএক্স : ৮৪১৯২১১-৫, রিপোর্টিং : ৮৪১৯২২৮, বিজ্ঞাপন : ৮৪১৯২১৬, ফ্যাক্স : ৮৪১৯২১৭, সার্কুলেশন : ৮৪১৯২২৯। ফ্যাক্স : ৮৪১৯২১৮, ৮৪১৯২১৯, ৮৪১৯২২০

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮। এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।